

## শাহরিয়ার কবিরের জন্যে পঞ্জিকালা

### শামছুর রাহমান

শাহরিয়ার কবির, কী গভীর ভালবাসা তোমার হ্বদয়ে  
এ দেশের জন্যে, তা জানে সবুজ ঘাস,  
লতাগুল্ম, সুগন্ধি ফুল, উদার প্রান্তর, নদীর  
উদাম স্ন্যোত, পাখা-বাপটানো  
নানা রঙের পাথি, সবচেয়ে বেশি হাজার  
হাজার সংগ্রামো মানুষ। তোমার বোধে দীপ্ত মুক্তিযুদ্ধের ইতিহাস।

হাতকড়া পরা তোমাকে যে মুহূর্তে জড়িয়ে  
কাঁদছিল কারাগারের সামনে  
তোমার মেয়ে, তখন বাংলার আকাশের কালো মেষ থেকে  
ঝরে পড়ছিল অশ্রুকণ।

শাহরিয়ার, তোমাকে ওরা এক অন্ধবার কুঠুরিতে  
বন্দী করে রেখেছে। কিন্তু ওদের জানা নেই,  
তোমার অঙ্গর্ত আলোয় উস্তাসিত,  
আশ্চর্য মুক্ত হাওয়ায় তরঙ্গিত সেই কৃপণ, জগ্নান্ধ ঘর।

কারাগারের প্রাচীর খুব উঁচু, আমরা জানি। অথচ তুমি  
এই কঠিন, কালো দেয়ালের চেয়ে অনেক  
অনেক বেশি দীর্ঘকায়। তোমার প্রকৃত সন্তার  
নাগাল পাওয়ার যোগ্যতা ওর নেই,  
কারারক্ষীদের কাছেও তোমার উচ্চতা  
মাপার কোনও যন্ত্র নেই, নেই কোনও পদ্ধতি।

তুমি তো ডাকাত নও, নও কোনও তক্ষরও, তোমার  
কোনও প্রাচীর টপকে বেরিয়ে আসার  
মনোবৃত্তি থাকতে পারেনা। বীর তুমি, তোমার  
ধরন রণজয়ী যোদ্ধার মতোই।

শাহরিয়ার, তুমি যখন বীরোচিত পদক্ষেপে,  
প্রশংস্ত বুকে কুটিল মিথ্যাকে খুলোয় লুটিয়ে সত্যের মুকুট  
মাথায় কারাগার থেকে বেরিয়ে আসবে, তোমার গলায়  
অনেক আগৃহী আনন্দিত হাত পরিয়ে দেবে  
অজস্র জয়মালা, দূর থেকে মনক্ষকে তোমাকে এবং  
আমার হ্বদয়ময়িত পঞ্জিকালা তোমার স্পর্শ করতে চাহিবে।